

২০২০

বাংলা

(জেনেরিক ইলেকটিভ)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

চতুর্থ সেমেস্টার

কোর্স কোড : BNGH-GE-T-4

বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ)

গদ্যের বিকাশ থেকে সাময়িক পত্র ও ভাষাতত্ত্ব

পূর্ণমান : ৬০

সময় : ২½ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :  $২ \times ১০ = ২০$ ক) 'ফোর্ট উইলিয়াম কলেজ' কত সালে প্রতিষ্ঠিত হয়?  
এখানকার দু'জন লেখকের নাম উল্লেখ করো।

খ) রচয়িতার নাম লেখো :

রাজা প্রতাপাদিত্য চরিত্র, কথোপকথন, তোতা ইতিহাস,  
বত্রিশ সিংহাসন।গ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের দুটি মৌলিক গ্রন্থের নাম উল্লেখ  
করো।ঘ) রবীন্দ্রনাথের লেখা দুটি সাহিত্য বিষয়ক প্রবন্ধের নাম  
উল্লেখ করো।

ঙ) নাট্যকারগণের নাম লেখো :

কারাগার, কৃষ্ণকুমারী, প্রফুল্ল, মেবারপতন।

চ) "কতরূপে স্নেহ করি দেশের কুকুর ধরি

বিদেশের ঠাকুর ফেলিয়া। সবটাই রঙ্গ।" — কার লেখা  
কবিতার অংশ? তিনি বাংলা সাহিত্যে কী নামে পরিচিত?ছ) 'ছন্দের যাদুকর' নামে কে পরিচিত? তাঁর লেখা একটি  
কাব্যের নাম লেখো।জ) প্রথম বাংলা সাপ্তাহিক পত্রিকার নাম কী? কত সালে,  
কার সম্পাদনায় প্রকাশিত হয়েছিল?ঝ) 'দুঃখবাদী' কবি কাকে বলা হয়? তাঁর লেখা একটি  
কাব্যগ্রন্থের নাম লেখো।

ঞ) নিম্নলিখিত উপন্যাসগুলির রচয়িতার নাম লেখো :

আনন্দমঠ, গোরা, দেনাপাওনা, আদর্শ হিন্দু হোটেল।

ট) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত দুটি রূপক সাংকেতিক নাটকের  
নাম লেখো।ঠ) অস্ফুট-মধ্যযুগের বাংলা ভাষার সময়কাল উল্লেখ করে এই  
ভাষার দুটি নিদর্শন লেখো।ড) মালদহ ও দিনাজপুর জেলায় বাংলা উপভাষার কোন্  
রূপ প্রচলিত আছে? এই ভাষার একটি বৈশিষ্ট্য লেখো।

ঢ) গামোছা > গামছা — এখানে কী ধরনের ধ্বনি পরিবর্তন ঘটেছে?

ণ) একবচন ও বহুবচনের একটি করে উদাহরণ দাও।

২। ‘ক’ বিভাগ থেকে তিনটি এবং ‘খ’ বিভাগ থেকে একটি করে মোট চারটি প্রশ্নের উত্তর দাও :  $৫ \times ৪ = ২০$

### বিভাগ - ক

ক) বাংলা গদ্যের বিকাশে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান সংক্ষেপে বুঝিয়ে দাও।

খ) ঐতিহাসিক নাটক রচনায় দ্বিজেন্দ্রলাল রায়ের অবদান আলোচনা করো।

গ) ‘তিন বন্দোপাধ্যায়’ নামে কারা পরিচিত? তাঁদের যে কোনো একজনের উপন্যাস সম্পর্কে সংক্ষেপে বুঝিয়ে দাও।

ঘ) টীকা লেখো (যে কোনো দুটি) :  
প্রমথ চৌধুরী, মেঘনাদবধকাব্য, তত্ত্ববোধিনী, বিহারীলাল চক্রবর্তী

### বিভাগ-খ

ক) সাম্প্রতিক বাংলা ভাষার বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্তসহ আলোচনা করো।

খ) টীকা লেখো (যে কোনো দুটি) :  
অর্থবিস্তার, সমীভবন, আগন্তুক শব্দ, অপিনিহিতি

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $১০ \times ২ = ২০$

ক) বাংলা গদ্যের বিকাশে ফোর্ট উইলিয়াম কলেজের লেখকগোষ্ঠীর অবদান উল্লেখ করো।

খ) বাংলা মহাকাব্যের ধারায় মাইকেল মধুসূদন দত্তের ভূমিকা বুঝিয়ে দাও।

গ) পৌরাণিক নাটক রচনায় গিরিশচন্দ্র ঘোষের অবদান আলোচনা করো।

ঘ) বাঙ্গালী উপভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ বুঝিয়ে দাও।